BCMC COLLEGE OF ENGINEERING & TECHNOLOGY
বিসিএমসি প্রকৌশল ও প্রযুক্তি মহাবিদ্যালয়
ঢাকা রোড, বিসিএমসি কলেজ পাড়া, যশোর-৭৪০০, বাংলাদেশ। ফোন ঃ পিএবিএক্স +৮৮০-৪২১-৬২৩৪৭, ৬২৩৪৮, ৬২৪৮০, ৬২৪৮১ ফ্যাক্স ঃ +৮৮০-৪২১-৬৩৮৪৮
মোবাইল ঃ ০১৭১১৮৪৪৮৮১, ০১৭১১৮৪৪৮৮২, ০১৭১২৯১০২৫৫, ০১৭১১০৬৭৬৮৭, ১৭৫২২৬০৪০৮, ০১৭৫২২৬০৪০৯ ই-মেল ঃ admin@bcmc.edu.bd & bcmccrm@yahoo.com ওয়েব ঃ www.bcmc.edu.bd

নোটিশ নং ঃ ০৬/২০২০ তারিখ ঃ ০৪ ফেব্রুয়ারি ২০২০

রশিদুল হক উপবৃত্তি

বিশিষ্ট ব্যবসায়ী ও শিক্ষানুরাগী যশোরের কৃতি সন্তান জনাব রশিদুল হক অত্র কলেজে অধ্যয়নরত কিছু সংখ্যক দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় সহায়তার উদ্দেশ্যে উপবৃত্তি প্রদান করবেন যা রশিদুল হক উপবৃত্তি নামে অভিহিত হবে। মাসিক ১০০০/- টাকা হারে ৬ মাস মেয়াদী সেমিস্টারের জন্য এই উপবৃত্তি প্রদান করা হবে। নিম্নোক্ত শর্তে এই উপবৃত্তি প্রদান করা হবে:

১। উপবৃত্তির জন্য নির্ধরিত ফরমে আবেদন করতে হবে।

২। বর্তমানে ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম সেমিস্টারে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীরাই এই উপবৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

৩। বিগত সেমিস্টারে ৯০% এর নিচে ক্লাসে উপস্থিতি বা প্রকাশিত সর্বশেষ পরীক্ষার ফলাফলে কোন বিষয়ে রেফার্ডপ্রাপ্ত কোন ছাত্র-ছাত্রী এই উপবৃত্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

৪। আবেদনকারীকে তার আর্থিক অসচ্ছলতার সপক্ষে দায়িত্বশীল ২(দুই) জন ব্যক্তির দেয়া সর্টিফিকেট আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৫। আবেদনকারী অন্য কোন উৎস হতে বৃত্তি বা উপবৃত্তি পেলে তিনি এই উপবৃত্তির জন্য বিবেচিত হবেন না।

৬। এই উপবৃত্তি উপরোক্ত সকল শর্তাবলী পালন সাপেক্ষে আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে পরবর্তী সেমিস্টারের জন্য নবায়ন করা হতে পারে।

৭। এই উপবৃত্তির অর্থ উপবৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীর ব্যাংক একাউন্টে মাসিক অথবা এককালীন ৬ (ছয়) মাসের জন্য প্রদান করা হবে।

৮। বিসিএমসি কলেজে স্থাপিত ডাচ-বাংলা এজেন্ট ব্যাংকে আবেদনকারী ছাত্র-ছাত্রীর ব্যাংক একাউন্ট থাকতে হবে।

৯। ভুল,অসম্পূর্ণ বা মিথ্যা তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।

১০। উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কলেজ কর্তৃপক্ষ যে কোন আবেদন বা সকল আবেদন বাতিল বা যে কোন আবেদন গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আবেদনপত্র আগামী ২০ ফেব্রুয়ারির মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে পৌঁছাতে হবে।

প্রকৌশলী মো. আশরাফুল কবির
চেয়ারম্যান

বহুল প্রচারের জন্য দেয়া হল ঃ

১. সকল নোটিশ বোর্ড
২. নোটিশ রেজিস্টার
৩. কলেজের ওয়েবসাইট www.bcmc.edu.bd
৪. বিসিএমসি ফেসবুক www.facebook.com/BCMC Bangladesh/